



কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং : ১২.২০.০০০০.০২০.০৫.০০১.২১.২৩৩২

তারিখঃ ১৪ ডিসেম্বর ২০২১

বিষয় : ২০২১-২২ অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা'র ২.৪ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

তারিখ : ১২ ডিসেম্বর ২০২১

সময় : সকাল ১০:০০ টা

স্থান : সভাকক্ষ-১

সভাপতি : ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট কাউন্সিলের পরিচালক (সাপোর্ট সার্ভিস) জনাব মোঃ আব্দুল মোতাকিন ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন,

- (১) কাউন্সিলের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।
- (২) যেহেতু এ পর্যন্ত অনলাইন কিংবা অফলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি, তাই প্রতিমাসে শূন্য প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হচ্ছে।
- (৩) ২০২১-২২ অর্থবছরের কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক ১ম প্রশিক্ষণ গত ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে আয়োজন করা হয়েছে। পরবর্তী প্রশিক্ষণের জন্য আগামী ২৭ ডিসেম্বর ২০২১ তারিখ নির্ধারণ করা হয়েছে।
- (৪) অভিযোগ প্রতিকার ব্যবস্থার কার্যক্রম পরিবীক্ষণের জন্য গত ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে একটি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট পরিবীক্ষণ কমিটি গঠন করে দেয়া হয়েছিল। কমিটি গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২১) প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেছেন।


পরিচালক (কম্পিউটার ও জিআইএস) জনাব হাসান মোঃ হামিদুর রহমান জানান, জিআরএস সফটওয়্যার এ কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আপলোড সম্পন্ন না হওয়ায় অনলাইনে অভিযোগ করার সুযোগ সৃষ্টি হয়নি। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামারের সহায়তা নিয়ে Excel Format এ যাবতীয় তথ্য প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অধিশাখার উপসচিব মহোদয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

সিদ্ধান্তসমূহ :

১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ উল্লিখিত কার্যক্রম তথা মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ, প্রশিক্ষণ প্রদান ও ওয়েবসাইট হালনাগাদকরণ যথাসময়ে করতে হবে।

২। জিআরএস সফটওয়্যারে অনলাইন অভিযোগ প্রদানের সুযোগ সৃষ্টির জন্য যাবতীয় ব্যবস্থা দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)

নির্বাহী চেয়ারম্যান

ফোনঃ ২২২২৪২৬৪৭

ই-মেইল-ec-barc@barc.gov.bd